

## বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

সুত্র নং: প্রবিশিস/সাস/২০১৯/০৩

তারিখ: ০২ সেপ্টেম্বর ২০১৯

### জরুরী সাধারণ সভার কার্যবিবরণী

গত ০১ সেপ্টেম্বর ২০১৯ তারিখ রোজ রবিবার বিকাল ০৮.৩০ ঘটিকায় বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির ২০১৯/০৩ নং জরুরী সাধারণ সভা অধ্যাপক ডঃ এ কে এম মাসুদ এর সভাপতিতে পুরকৌশল ভবনের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। সভার শুরুতে সভাপতি ১৫ই আগস্ট ১৯৭৫ সালে ঘাতকদের হাতে নির্মমভাবে নিহত জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, তাঁর পরিবারের সদস্যবৃন্দ এবং অন্যান্য সকল শহীদদের আত্মার মাগফেরাত কামনা করেন। অতঃপর সভাপতি বিশ্ববিদ্যালয় মঞ্চুরী কমিশন কর্তৃক প্রস্তাবিত অভিন্ন নীতিমালা নিয়ে কার্যনির্বাহী পরিষদ কর্তৃক গৃহীত বিভিন্ন পদক্ষেপ ও অগ্রগতি সমিতির উপস্থিতি সম্মানিত সদস্যদের অবহিত করেন। পরবর্তীতে সমিতির সম্মানিত সদস্যগণ বিশ্ববিদ্যালয় মঞ্চুরী কমিশন কর্তৃক প্রস্তাবিত অভিন্ন নীতিমালা সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করেন এবং সভায় সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

আলোচনাপুঁটি ১) পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের নিয়োগ ও পদোন্নতির জন্যে ইউজিসি কর্তৃক প্রস্তাবিত অভিন্ন নীতিমালা সংক্রান্ত আলোচনা।

সিদ্ধান্ত ১) পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের নিয়োগ ও পদোন্নতির জন্যে বিশ্ববিদ্যালয় মঞ্চুরী কমিশন কর্তৃক প্রস্তাবিত অভিন্ন নীতিমালা সংক্রান্ত বিষয়ে সভায় বিষয় আলোচনা করা হয়। সভায় সকলে একমত প্রকাশ করেন যে, অভিন্ন খসড়া নীতিমালায় একাধিক অসংজ্ঞাতিপূর্ণ ও অসামঞ্জস্যপূর্ণ ধারা যুক্ত করা হয়েছে এবং প্রকৌশল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি কর্তৃক প্রস্তাবিত বিভিন্ন সংশোধনী সম্পূর্ণে উপেক্ষা করা হয়েছে। এছাড়া বিশ্ববিদ্যালয় মঞ্চুরী কমিশন কর্তৃক প্রস্তাবিত নীতিমালা প্রণয়ন প্রক্রিয়া বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্ত্বাসনের পরিপন্থী। উপরন্তু এই নীতিমালায় শিক্ষকদের মর্যাদা, স্বতন্ত্র বেতন কাঠামো, শিক্ষা ও গবেষণার সুযোগ সুবিধার কোন উল্লেখ নাই। মেধাবী মানুকদের শিক্ষকতা পেশায় প্রবেশের পথ রুক্ষ করার মাধ্যমে প্রস্তাবিত নীতিমালা বাংলাদেশে প্রকৌশল শিক্ষার মানের অবনতি ঘটাবে। এমতাবস্থায় সভায় প্রস্তাবিত শিক্ষক নিয়োগ ও পদোন্নতির জন্য অভিন্ন নীতিমালাটিকে অগ্রহণযোগ্য বলে প্রত্যাখানের সিদ্ধান্ত গৃহীত হয়। সেই সাথে সরকার এবং জনগণের নিকট বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির বক্তৃত্ব সঠিক ভাবে তুলে ধরার জন্যে একটি বিবৃতি প্রদানের এবং মানব বক্তৃত্ব কর্মসূচী পালনের সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

অধ্যাপক ডঃ মোঃ মোস্তফা আলী  
সাধারণ সম্পাদক  
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

### বিতরণ:

- ১। সকল সম্মানিত সদস্য/সদস্যবৃন্দ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি।
- ২। উপাচার্য মহোদয়ের পি. এস., উপাচার্য মহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

## বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

তারিখ: ০২, সেপ্টেম্বর ২০১৯

### মানববন্ধন কর্মসূচী

বিশ্ববিদ্যালয় মঞ্চুরী কমিশন কর্তৃক প্রস্তাবিত নীতিমালা প্রণয়ন প্রক্রিয়া বিশ্ববিদ্যালয়ের স্থায়ত্বাসনের পরিপন্থী এবং বিশ্ববিদ্যালয়ের বর্তমানে প্রচলিত নীতিমালার সাথে অসামঞ্জস্যপূর্ণ বিধায় এর প্রতিবাদে জরুরী সাধারণ সভার সিদ্ধান্ত অনুযায়ী আগামী ০৪/০৯/২০১৯ তারিখ রোজ বুধবার দুপুর ১২:৩০ ঘটিকা থেকে দুপুর ০১:৩০ ঘটিকা পর্যন্ত সময়ে বুয়েটের শহীদ মিনারের সামনে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি এক মানববন্ধন কর্মসূচী পালন করবে।

উক্ত মানববন্ধনে সকল সদস্য/সদস্যাকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হচ্ছে।



অধ্যাপক ডঃ এ কে এম মাসুদ  
সভাপতি  
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

অধ্যাপক ডঃ মোঃ মোস্তফা আলী  
সাধারণ সম্পাদক  
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

বিতরণ: সকল সম্মানিত সদস্য/সদস্যাবৃন্দ।

## বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি


তারিখ: ০৩সেপ্টেম্বর ২০১৯

### প্রেস বিজ্ঞপ্তি

গত ২৬ আগস্ট, ২০১৯ তারিখে বিভিন্ন জাতীয় সংবাদ মাধ্যমে বাংলাদেশের বিশ্ববিদ্যালয় সমূহে শিক্ষক নিয়োগ ও পদোন্নতির জন্য অভিন্ন নীতিমালা শিক্ষা মন্ত্রনালয় কর্তৃক নীতিগত অনুমোদনের যে সংবাদ প্রকাশিত হয়েছে, তার প্রেক্ষিতে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ০১/০৯/২০১৯ তারিখে একটি জরুরী সাধারণ সভায় মিলিত হয়। সভায় সকলে একমত প্রকাশ করেন যে, অভিন্ন খসড়া নীতিমালায় একাধিক অসঙ্গতিপূর্ণ ও অসামঞ্জস্যপূর্ণ ধারা যুক্ত করা হয়েছে। এবং বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি কর্তৃক প্রস্তাবিত বিভিন্ন সংশোধনী সম্পূর্ণরূপে উপেক্ষা করা হয়েছে। উপরন্তু এই নীতিমালায় শিক্ষকদের মর্যাদা, স্বতন্ত্র বেতন কাঠামো, শিক্ষা ও গবেষণার সুযোগ সুবিধার কোন উল্লেখ নাই। মেধাবী স্নাতকদের শিক্ষকতা পেশায় প্রবেশের পথ রুক্ষ করার মাধ্যমে প্রস্তাবিত নীতিমালা বাংলাদেশে প্রকৌশল শিক্ষার মানের অবনতি ঘটাবে।

এমতাবস্থায় সভা প্রস্তাবিত শিক্ষক নিয়োগ ও পদোন্নতির জন্য অভিন্ন নীতিমালাটিকে অগ্রহণযোগ্য বলে প্রত্যাখ্যান করছে।

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি প্রস্তাবিত নীতিমালার প্রতিবাদ জানিয়ে আগামী ০৪/০৯/২০১৯ তারিখ  
রোজ বুধবার বেলা ১২:৩০ টায় বিশ্ববিদ্যালয় শহীদ মিনারে এক মানববক্তন কর্মসূচী পালন করবে।





অধ্যাপক ডঃ এ কে এম মাসুদ

সভাপতি

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

অধ্যাপক ডঃ মোঃ মোস্তফা আলী

সাধারণ সম্পাদক

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি